

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৫.২০১২-৭১৬

তারিখঃ ১৭.১১.২০১৩খ্রি

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় কমিউনিকেশন ডিজিস কন্ট্রোল (কোড নং-৫-২৭১১-৫১০০) শীর্ষক কর্মসূচির আওতায় প্রশিক্ষণ ও সেমিনার /ওয়ার্কসপ বাস্তবায়নের জন্য জিওবি এবং আরপিএ (জিওবি) বাবদ ১ম ও ২য় কিস্তির অবমুক্ত অর্থ থেকে ৬০৫.০০ লক্ষ (ছয় কোটি পাঁচ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় কমিউনিকেশন ডিজিস কন্ট্রোল (কোড নং-৫-২৭১১-৫১০০) শীর্ষক কর্মসূচির অনুকূলে ৪৮৪০, ৪৮৪২ ও ৪৮৮৩ কোডে স্থানীয় প্রশিক্ষণ ও সেমিনার /ওয়ার্কসপ বাস্তবায়নের জন্য ২০১৩-২০১৪ অর্থ বছরে জিওবি খাতে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে ৩২৭.৫০ লক্ষ (তিন কোটি সাতাশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং আরপিএ (জিওবি) খাতে ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে ২৭৭.৫০ লক্ষ (দুই কোটি সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সর্বমোট ৬০৫.০০ লক্ষ (ছয় কোটি পাঁচ লক্ষ) অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে;
- (ঘ) ১ম ও ২য় কিস্তিতে আরপিএ (জিওবি) বাবদ ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূর্ণভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) পরিপত্র নং-স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/আইএসটি/এইচএনপিএসপি/২০০৭/২০৭, তারিখ ২৮.১০.২০০৭ অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে; এবং
- (ছ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিশ্বব্যাংক কর্তৃক অনাপত্তিকৃত প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কসপসমূহ জিওবি এবং আরপিএ (জিওবি) খাতের অর্থ দ্বারা বাস্তবায়ন করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত কমিউনিকেশন ডিজিস কন্ট্রোল (কোড নং-৫-২৭১১-৫১০০- ৪৮৪০, ৪৮৪২, ৪৮৮৩) হতে জিওবি এবং আরপিএ(জিওবি) খাতের অর্থ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দৃষ্টব্য


পূর্ব পৃষ্ঠার পর

নং- ৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৫.২০১২ -৭১৬/১(৮)

তারিখঃ ১৭.১১.২০১৩খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, কমিউনিকেশন ডিজিটাল কন্ট্রোল , স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৭। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব